

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৯৮

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩৮. যাবিল আরহাম (নিকটাত্মীয়গণের) মীরাছ

باب مِيرَاثِ ذَوِي الْأَرْحَامِ

আরবী

حَدَّثَنَا يَعْلَى عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَقَ عَنْ مُحَمَّدِ بْنِ حَبَّانَ نَسَبَهُ إِلَى جَدِّهِ عَنْ عَمِّهُ وَاسِعِ بْنِ حَبَّانَ قَالَ تُوْفِي ابْنُ الدَّحْدَاحَةِ وَكَانَ أَتِيًّا وَهُوَ الَّذِي لَا يُعْرَفُ لَهُ أَصْلُ فَكَانَ فِي بَنِي حَبَّانَ قَالَ تُوْفِي ابْنُ الدَّحْدَاحَةِ وَكَانَ أَتِيًّا وَهُو اللَّذِي لَا يُعْرَفُ لَهُ أَصْلُ فَكَانَ فِي بَنِي الْعَجْلَانِ وَلَمْ يَتْرُكُ عَقِبًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعَاصِمِ بْنِ عَدِيٍّ هَلْ الْعَجْلَانِ وَلَمْ يَتْرُكُ عَقِبًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعَاصِمِ بْنِ عَدِيٍّ هَلْ تَعْرَفُهُ يَا رَسُولَ اللَّهِ فَدَعَا ابْنَ أُخْتِهِ فَأَعْطَاهُ مِيرَاثَهُ

বাংলা

৩০৯৮. ওয়াসি' ইবনু হাব্বান হতে বর্ণিত, ইবনু দাহদাহা তিনি মৃত্যু বরণ করেন। আর তিনি ছিলেন বংশ পরিচয়হীন-যার কোনো মুল জানা যায় না- আর তিনি বনী ইজলান গোত্রে থাকতেন। আর তিনি কোনো বংশধরও রেখে যানিন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসিম ইবনু আদী রাদ্বিয়াল্লাহু আনহুকে ডাকলেন, বললেন, তোমরা কি জান, তোমাদের মধ্যে তার কোনো বংশধর-আত্মীয়-স্বজন আছে?" তিনি বললেন, ইয়া রাসূলাল্লাহ! আমরা তো এমন কেউ আছে বলে জানি না। তখন তিনি তার বোনের ছেলেকে ডেকে তাকে তার মীরাছ প্রদান করলেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, মুহাম্মদ ইবনু ইসহাক এটি 'আন আন' শব্দে বর্ণনা করেছেন। আর তিনি মুদাল্লিস। এছাড়া এর সনদ মুনকাতি হওয়াকেউ আমরা প্রাধান্য দিচ্ছি।

তাখরীজ: আব্দুর রাযযাক ১৯১২০; ইবনু আবী শাইবা ১১/২৬৫ নং ১১১৭৯; সাঈদ ইবনু মানসূর নং ১৬৪; তাহাবী, শারহু মাআনিল আছার ৪/৩৯৬; বাইহাকী, আযাহী ৬/২১৫।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন